

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০০২.২৪-১৯৬

তারিখঃ ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, শ্যামনগর, সাতক্ষীরা (সংযুক্তি পিটিআই, সাতক্ষীরা)-এর আপিল মামলা নিষ্পত্তি সংক্রান্ত।


সূত্রঃ প্রাশিঅ-এর স্মারক নং-৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৬৯.২০২৩-১২, তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, শ্যামনগর, সাতক্ষীরা (সংযুক্তি পিটিআই, সাতক্ষীরা)-এর আপিল আবেদনের প্রেক্ষিতে তার বিভাগীয় মামলার মূল নথি, অভিযোগনামার লিখিত জবাব, আপিল শুনানিতে প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং পারিপার্শ্বিকতা বিবেচনায় তার বিরুদ্ধে আনীত ২৫/০১/২৩ তারিখ থেকে ১২/০৪/২০২৩ তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত; উপজেলা শিক্ষা অফিসারের অনুমতি ব্যতীত ০২/০৮/২৩ তারিখে ১৯/০৭/২৩ হতে ০২/০৮/২৩ পর্যন্ত হাজিরা খাতায় স্বাক্ষর; তার বিরুদ্ধে দৈনিক “কালের চিত্র” পত্রিকায় নানান অনিয়ম ও দুর্নীতির অভিযোগ করে সংবাদ প্রকাশ; এবং সার্ভিস বুক নিজেই রাখে রাখার অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তিকারী কর্মকর্তার পদক্ষেপ যথাযথ। বিভাগীয় মামলা নিষ্পত্তিতে প্রক্রিয়াক্রমিত কোন ত্রুটি না থাকায় মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ড যৌক্তিক ও যথাযথ বিবেচিত হওয়ায় প্রদত্ত দণ্ড বহাল রেখে তার আপিল আবেদনটি না-মঞ্জুর করা হয়েছে।

০২। বর্ণিত অবস্থায়, আপিল আবেদন না-মঞ্জুরের বিষয়টি আপিলকারী জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, শ্যামনগর, সাতক্ষীরা (সংযুক্তি পিটিআই, সাতক্ষীরা)-কে অবহিতকরণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৬৯.২০২৩-১২ নং স্মারকে প্রাপ্ত উক্ত কর্মকর্তার বিভাগীয় মামলার মূল নথি এতদসঙ্গে ফেরত প্রদান করা হলো।

সংযুক্তি: বিভাগীয় মামলার মূল নথি।

  
(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-০২২২৩৩০৫৬৬৯১

ই-মেইল: [dsindi@mopme.gov.bd](mailto:dsindi@mopme.gov.bd)

মহাপরিচালক (গ্রেড-১)  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ।
- ৩। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪। সুপারিনটেনডেন্ট, সাতক্ষীরা পিটিআই, সাতক্ষীরা।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৭। জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, শ্যামনগর, সাতক্ষীরা (সংযুক্তি পিটিআই, সাতক্ষীরা)।
- ৮। অফিস কপি।